

সিএনজি ফিলিং স্টেশনের মেয়াদবৃদ্ধি/সময়বর্ধিত অনুমোদন প্রক্রিয়া

সিএনজি ফিলিং স্টেশন স্থাপন/পরিচালনার অনুমোদন গ্রহণের পর কোন কারণে স্টেশনটি চালু করিতে না পারলে নিম্নবর্ণিত তথ্যাদি (সত্যায়িত/নোটারী পাবলিক করে) দাখিল সাপেক্ষে অনুমোদন পত্র হালনাগাদ করণ করতে হবে :

১।	ট্রেড লাইসেন্স (হাল নাগাদ)।	
২।	জাতীয় পরিচয় পত্র ও আবেদনকারীর ২কপি পাসপোর্ট সাইজ ছবি	
৩।	টি আই এন (হাল নাগাদ)	
৪।	জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)	
৫।	যৌথ মালিকানার চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে)	
৬।	জমির খাজনার রশিদ (হালনাগাদ)	
৭।	বরাদ্দ পত্রের কপি চুক্তি পত্রের কপি	সরকারী জমির ক্ষেত্রে
৮।	গ্যাস বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র।	
৯।	বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিপণন কোম্পানীর অনাপত্তি পত্র	
১০।	প্রবেশ পথ ব্যবহারের লক্ষ্যে সওজের অনুমোদন এবং চুক্তিনামা।	প্রবেশ পথের অনুমোদন।
১১।	সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অনাপত্তি।	
১২।	বিস্ফোরক অধিদপ্তরের প্রাক অনুমোদন।	
১৩।	পরিবেশ অধিদপ্তরের ভূমির অবস্থানগত ছাড়পত্র।	

ক) আবেদনকারী কর্তৃক উপরোক্ত তথ্যাদি দাখিল সাপেক্ষে দাখিলকৃত পর্যালোচনার লক্ষ্যে ঢাকা মহানগরীর বাহিরে সিএনজি রিফুয়েলিং স্টেশন ও যানবাহন রূপান্তর কারখানা স্থাপনের অনুমতি প্রদানের নিমিত্তে গঠিত ইন-হাউজ কমিটির সভায় উপস্থাপন করা হয়।

খ) ইন-হাউজ কমিটি সার্বিকদিক পর্যালোচন পূর্বক সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের ইতিপূর্বে প্রদত্ত অনুমোদন পত্রের হালনাগাদ করণ বিষয়ে সুপারিশ প্রদান করে।

গ) ইন-হাউজ কমিটি উক্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে পরবর্তী করণীয় নির্ধারণ/নির্দেশনা প্রদানের জন্য নথিটি কোম্পানির পরিচালনা পর্যদের বোর্ড সভায় উপস্থাপন করা হয়। পরিচালনা পর্যদের সিদ্ধান্তক্রমে এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের ইতিপূর্বে প্রদত্ত অনুমোদন পত্রের হালনাগাদ করণ করা হয়।